

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, বরগুনা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, বরগুনা।

website : www.barguna.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ দফা (২) অনুসারে আমি মোহা: রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, বরগুনা ও রিটার্নিং অফিসারের কার্যালয়, বরগুনা এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাস্তবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১০৯ বরগুনা-১ (বরগুনা সদর, আমতলী ও তালতলী উপজেলা) এবং ১১০ বরগুনা-২ (বেতাগী, বামনা ও পাথরঘাটা উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ: ১৫ দিন ১১ মাস ২০২৩ বঙ্গাব্দ

(মোহাঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক, বরগুনা

ও

রিটার্নিং অফিসার

১০৯ বরগুনা-১ এবং ১১০ বরগুনা-২

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন/২৩

ফোন: ০২৪৭৮৮৮৬৫৬৬


ই-মেইল: ccbarguna@mopa.gov.bd

নং-১৭.০৬.০৪০০.০০০.০৬.০০১.২৩-৬৫৯

তারিখ : ১৫.১১.২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৬। উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
- ৭। মহা-পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৮। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১০। পুলিশ সুপার, বরগুনা।
- ১১। জেলা নির্বাচন অফিসার, বরগুনা।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
- ১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরগুনা।
- ১৪। জেলা তথ্য অফিসার, বরগুনা। (গণ-বিজ্ঞপ্তি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১৫। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারগণ (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ১৭। উপজেলা নির্বাচন অফিসার, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
- ১৮। অফিসার ইন-চার্জ, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা থানা, বরগুনা।
- ১৯। নোটিশ বোর্ড।


(মোহাঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক, বরগুনা

ও

রিটার্নিং অফিসার

১০৯ বরগুনা-১ এবং ১১০ বরগুনা-২

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন/২৩

ফোন: ০২৪৭৮৮৬৫৬৬

ই-মেইল: dcbarguna@mopa.gov.bd